REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:06-09-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly-Tourism :**

গত তিনটি অর্থবছরে পর্যটন মন্ত্রকের প্রসাদ প্রকল্পে রাজ্যে পর্যটন উন্নয়নের লক্ষ্যে মোট ২৫ কোটি ২৬ লক্ষ টাকাও বেশি প্রদান করা হয়েছে। গতকাল রাজ্য বিধানসভায় বিধায়ক নয়ন সরকারের লিখিত প্রশ্নের উত্তরে পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা জানান। তিনি জানান, প্রাপ্ত অর্থ দিয়ে উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরকে একটি আধ্যাত্মিক পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে পরিকাঠামো নির্মাণের কাজ এগিয়ে চলছে।

তিনি জানান, রাজ্যে নতুন নতুন পর্যটন কেন্দ্র গড়ে তোলার লক্ষ্যে ইতিমধ্যে কমলপুর মহকুমার সুরমাছড়া ওয়াটারফলস পর্যটন কেন্দ্রের কাজ প্রায় শেষ পর্যায়ে। দক্ষিণ ত্রিপুরার আভাংছড়াস্থিত শহীদ ধনঞ্জয় স্মৃতি উদ্যান (জোলাইবাড়ি), চোত্তাখলাস্থিত ভারত-বাংলা মৈত্রী উদ্যান এবং বক্সনগর বৌদ্ধস্তূপ পর্যটন কেন্দ্র উন্নয়নের কাজ এগিয়ে চলছে।

*******************

**PM,Solar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন গত ১০ বছরে ভারতের সৌর শক্তির ক্ষমতা ৩২ গুণ বেড়েছে। সৌর শক্তির উৎপাদন ক্ষমতা এই মাত্রায় অব্যাহত থাকলে ২০৩০ সালের মধ্যে ভারত ৫০০ গিগা ওয়াট অজীবাশ্ম ক্ষমতা অর্জন করতে পারবে।

গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে দিল্লিতে অনুষ্ঠিত দু'দিনব্যাপী প্রথম আন্তর্জাতিক সৌর উৎসবের প্রথম দিনে ভাষণ দিচ্ছিলেন প্রধানমন্ত্রী।

সরকারের অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প স্বচ্ছ ভারত মিশন, SBM দেশে শিশুমৃত্যু কমাতে সাহায্য করেছে। একটি গবেষণা জার্নালে প্রকাশিত সমীক্ষায় জানা যায়, ২০14 থেকে ২০২০ সাল পর্যন্ত সরকার ১০ কোটিও বেশি পরিবারের শৌচালয় নির্মাণ করেছে। এছাড়াও বলা হয় যে ২০০৩ সালে দেশের বেশিরভাগ জেলায় প্রতি ১০০০ জীবিত জন্মের জন্য শিশুমৃত্যুর হার (IMR) ৬০-এর বেশি ছিল। তবে ২০২০সালের মধ্যে, বেশিরভাগ জেলায় এই হার ৩০এর নিচে নেমেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সামাজিক মাধ্যমে এই গবেষণাটি শেয়ার করে বলেছেন যে সঠিক শৌচালয় শিশু মৃত্যুহার কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিনি আরো বলেন পরিষ্কার এবং নিরাপদ স্বাস্থ্যবিধি জনস্বাস্থ্যের জন্য একটি গেম-চেঞ্জার হয়ে উঠেছে, এবং ভারত এতে নেতৃত্ব দে'য়ায় তিনি আনন্দ প্রকাশ করেন।

*******************

**Swachh Bharat :**

সরকারের অগ্রাধিকার ভিত্তিক প্রকল্প স্বচ্ছ ভারত মিশন, SBM দেশে শিশুমৃত্যু কমাতে সাহায্য করেছে। একটি গবেষণা জার্নালে প্রকাশিত সমীক্ষায় জানা যায়, ২০14 থেকে ২০২০ সাল পর্যন্ত সরকার ১০ কোটিরও বেশি পরিবারের শৌচালয় নির্মাণ করেছে। এছাড়াও বলা হয় যে ২০০৩ সালে দেশের বেশিরভাগ জেলায় প্রতি ১০০০ জীবিত জন্মের জন্য শিশুমৃত্যুর হার (IMR) ৬০-এর বেশি ছিল। তবে ২০২০সালের মধ্যে, বেশিরভাগ জেলায় এই হার ৩০এর নিচে নেমেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সামাজিক মাধ্যমে এই গবেষণাটি শেয়ার করে বলেছেন যে সঠিক শৌচালয় শিশু মৃত্যুহার কমাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

*******************

**Buddhist Site :**

বিধানসভায় গতকাল বিধায়ক মাইলাফ্রু মগের এক প্রশ্নের উত্তরে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন বৌদ্ধ তীর্থ যাত্রীদের বুদ্ধগয়া যাওয়ার ব্যাপারে আগরতলা থেকে গয়া পর্যন্ত ট্রেন পরিসেবা চালুর জন্য এন এফ রেলওয়ের অপারেশনাল বিভাগের জেনারেল ম্যানেজারের কাছে চিঠি দেওয়া হয়েছে। বিষয়টি বর্তমানে এন এফ রেলওয়ের বিবেচনায় রয়েছে।

বিধায়ক মাইলাফ্রু মগের অন্য এক লিখিত প্রশ্নের উত্তরে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানান, দক্ষিণ ত্রিপুরার, মহামুনি প্যাগেডা, মনুবনকুল, শাক্যমুনি ওয়ার্ল্ড পিস প্যাগোডা জোলাইবাড়ি, ধম্মদীপা, ইন্টারন্যাশনাল বুদ্ধিষ্ট ইউনিভার্সিটি, ধম্মদীপা স্কুল, ইত্যাদি বৌদ্ধ স্থাপনা এবং লুধুয়া চা বাগানকে কেন্দ্র করে একটি বৌদ্ধ সার্কিট গড়ে তোলার পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের।

*******************

**Congratulatory Motion:**

বিধানসভায় গতকাল কেন্দ্রে তৃতীয় বারের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন এন ডি এ সরকার প্রতিষ্ঠিত হওয়ায় একটি ধন্যবাদ সূচক প্রস্তাব গৃহীত হয়। সমৃদ্ধ ও শক্তিশালী দেশ গঠনে প্রধানমন্ত্রীর নেতৃত্বের উপর দেশবাসী পুনরায় আস্থা প্রকাশ করায় দেশবাসীকে ধন্যবাদ জানানো হয়। অধ্যক্ষ বিশ্ববন্ধু সেনের এই প্রস্তাব পাঠের সময় সিপিআই(এম) এবং ক্ংগ্রেস বিধায়কগণ এই প্রস্তাবের উপর আপত্তি তুলে অধ্যক্ষের ওয়েলের সামনে গিয়ে স্লোগান দেন ও বিরোধী সদস্যরা সভাকক্ষ থেকে অল্প সময়ের জন্য ওয়াক আউট করেন।

*******************

**Assembly-Light house:**

আগরতলার বর্ডার গোলচক্কর এলাকায় লাইট হাউস নির্মাণের কাজ আগামী বছরের এপ্রিল মাসের মধ্যে শেষ করার জন্য সময় নির্ধারণ করা হয়েছে। গতকাল বিধানসভা অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে বিধায়ক নয়ন সরকারের এক প্রশ্নের উত্তরে নগরোন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় একথা জানান। তিনি জানান, এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার মোট ৬৫ কোটি টাকা মঞ্জুর করেছে।

*******************

**Assembly-PMAGY :**

গত তিনটি অর্থবছরে রাজ্যে মোট ৩২টি তপশিলি জাতি অধ্যুষিত গ্রামকে প্রধানমন্ত্রী আদর্শ গ্রাম যোজনার আওতায় আনা হয়েছে। এই সময়ে রাজ্য সরকার প্রধানমন্ত্রী আদর্শ গ্রাম যোজনা প্রকল্পে কেন্দ্রীয় সরকার থেকে মোট ২৫ লক্ষ ৬০ হাজার টাকা পেয়েছে। গতকাল বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মণ ও নয়ন সরকারের প্রশ্নের উত্তরে তপশিলি জাতি কল্যাণমন্ত্রী সুধাংশু দাস এ তথ্য জানান।

*******************

**BJP-Press Meet:**

দিল্লিতে সম্প্রতি এন এল এফটি, এটিটিএফ, রাজ্য ও কেন্দ্রীয় সরকারের মধ্যে শান্তি চুক্তি স্বাক্ষরিত হওয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে অভিনন্দন জানিয়েছে ত্রিপুরা প্রদেশ বিজেপি। গতকাল দলের সদর কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে মুখপাত্র সুব্রত চক্রবর্তী বলেন এই চুক্তির ফলে রাজ্যে শান্তিশৃঙ্খলা বজায় থাকবে।

*******************

**Krishak Sabha Pabitra kar:**

সারা ভারত কৃষকসভার পক্ষ থেকে অভিযোগ করা হয়, বন্যায় ক্ষয়ক্ষতি নিরূপনে প্রকৃত ক্ষতিগ্রস্তদের বঞ্চিত করা হচ্ছে।

সারা ভারত কৃষকসভার রাজ্য  সম্পাদক পবিত্র কর অভিযোগ করে বলেন, গোমতী জেলায় কৃষির ব্যাপক ক্ষতি হয়েছে । সরকারের প্রতিনিধিরা যে তালিকা প্রনয়ন  করছেন,  বাস্তবের সাথে সে তালিকার মিল নেই।, তিনি ভয়াবহ বন্যাকে জাতীয় বিপর্যয় হিসাবে ঘোষনার দাবি করেন। বন্যা বিধ্বস্থ উদয়পুর ও অমরপুর মহকুমা এলাকা সরজমিনে পরিদর্শন শেষে গতকাল উদয়পুরে এক  সাংবাদিক সম্মেলনে তিনি এই অভিযোগ করেন।

*******************

**CPIM:**

CPI(M) দলের পক্ষ থেকে অভিযোগ করে বলা হয় সম্প্রতি বন্যায় ক্ষতিগ্রস্থদের জন্য সঠিকভাবে সরকারী সাহায্য পৌঁছাচ্ছে না। এ ব্যাপারে দলের পক্ষ থেকে CPI(M) রাজ্য কমিটির সদস্য অমল চক্রবর্তীর নেতৃত্বে আগরতলা পুর নিগমের পূর্ব জোনাল কতৃপক্ষের কাছে গতকাল এক ডেপুটেশন দেওয়া হয়। ডেপুটেশনে বন্যায় ক্ষতিগ্রস্থদের সবরকম সহযোগিতার জন্য দাবি করা হয়।

*******************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ সাধারনত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে দু-এক পশলা বৃষ্টি হতে পারে। আগরতলায় গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ৩২ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি।

*******************

*******************